**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**21 SEPTEMBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১) আসাম সরকার রাজ্যের ৪ হাজার বিদ্যালয় পুনর নির্মাণ করবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ ।

২) আম আদমী পার্টীর প্রবীন নেত্রী আতিশী মার্লেনার দিল্লীর নতুন মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ ।

৩) দায়িত্বভার গ্রহণ করে কাছাড়ের জেলা আয়ুক্তের জেলার বিভিন্ন সমস্যাবলির বিষয়ে প্রশাসন সর্বদাই শুনতে প্রস্তুত বলে মন্তব্য ।

এবং

৪) কাছাড়ে আগামী ২৩ থেকে ২৫শে সেপ্টেম্বর ডিলিমিটেশন ও ব্লক রিওর্গ সম্পর্কীত দাবী আপত্তির সর্বজনীন শুনানী ।

---

আসাম সরকার রাজ্যের ৪ হাজার বিদ্যালয় পুনর নির্মান করবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন । এর মধ্যে ৫শোটি বিদ্যালয়ের পুনরনির্মান করার কাজ আগামী বছরের শুরুতেই সম্পূর্ণ করা হবে । প্রতিযোগিতামূলক বর্তমান সময়ের সঙ্গে এগিয়ে যাওয়ার উদ্দেশ্যে এবং ভবিষ্যত প্রজন্মকে যোগ্য এবং দক্ষ করে তোলার জন্যই সরকারী বিদ্যালয়গুলির পরিকাঠামো উন্নত করার ওপর আসাম সরকার গুরুত্ব আরোপ

করেছে বলে ডক্টর শর্মা মন্তব্য করেন । মুখ্যমন্ত্রী আজ বেজেরায় নির্মীয়মান ৪ হাজার বিদ্যালয়ের মধ্যে একটি বিদ্যালয়ের কাজের অগ্রগতি পরিদর্শন করে এ কথা জানান ।

---

রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য আজ কোকরাঝার জেলায় স্বচ্ছতাই সেবা কার্যসূচির বেশ কয়েকটি অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন । তিনি বোডাফা সাংস্কৃতিক কেন্দ্রে আর্ন্তজাতিক শান্তি দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানেও অংশ গ্রহণ করেন । রাজ্যপাল বড়োল্যান্ড বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হয়ে বডাফা উপেন্দ্র নাথ ব্রম্ম প্রতিমূর্তীতে মাল্যদান করে শ্রদ্ধাঞ্জলী অর্পন করেন । তিনি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজ কর্মেরও পর্যালোচনা করেন ।

---

স্বচ্ছতাই-সেবা কার্যসূচির অংশ হিসেবে আজ কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল ডিব্রুগরে বেশ কয়েকটি কার্যসূচিতে অংশ গ্রহণ করেন । অনুষ্ঠানে অংশ গ্রহণ করে তিনি বলেন যে একটি সুস্থ , সবল সমাজ গড়ে তোলার জন্য সবাইকে স্বচ্ছতাকে জীবনের একটি অন্যতম অঙ্গ হিসেবে গ্রহণ করতে হবে । তিনি ডিব্রুগর অসামরিক চিকিৎসালয়ে স্বচ্ছতার জন্য জনঅংশীদার কার্যসূচিতে অংশ নিয়ে পরিবেশ স্বচ্ছ রাখার জন্য প্রত্যেক নাগরিককে দায়বদ্ধ এবং সংকল্পবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে সেখানে আয়োজিত স্বচ্ছতা অভিযানে প্রত্যক্ষভাবে অংশ গ্রহণ করেন । তিনি বলেন যে পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখার ক্ষেত্রে জনসাধারণ একযোগে পদক্ষেপ গ্রহণ করে দেশকে স্বচ্ছ এবং সুস্থকরে তোলার কাজে সহায়তা করতে পারেন । এর জন্য সবাইকে সাফাই কর্মীর ভূমিকা গ্রহণ করতে হবে বলেও কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সনোয়াল মন্তব্য করেন ।

---

আম আদমী পার্টীর প্রবীন নেত্রী আতিশী মার্লেনা আজ দিল্লীর নতুন মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন । দিল্লীর রাজভবণে আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানে দিল্লীর লেফটেনেন্ট গভর্নর এল জি ভি কে সাক্সেনা আতিশীর সঙ্গে মন্ত্রী পরিষদকে শপথ বাক্য পাঠ করান । উল্লেখ্য যে রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আম আদমী পার্টীর নেতা অরবিন্দ কেজরিয়ালের পদত্যাগের পর আতিশী মার্লেনাকে দিল্লীর মুখ্যমন্ত্রী হিসেবে নিযুক্তি দেওয়া সহ অন্যান্য আরো ৫ জন মন্ত্রীকে নিযুক্তি প্রদানের অনুমতি দেন । নতুন মন্ত্রীসভার মন্ত্রীরা হচ্ছেন গোপাল রায় , কৈলাশ গেহেলট , সৌরভ ভরদ্বাজ , ইমরান হুসেইন এবং মুকেশ আহলাওট । উল্লেখ্য যে শীলা দিক্ষিত এবং সুষমা স্বরাজের পর আতিশী মার্লেনা হচ্ছেন দিল্লীর তৃতীয় মহিলা মুখ্যমন্ত্রী ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯ সেপ্টেম্বর আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময় করবেন । এটি হবে এই অনুষ্ঠানের ১১৪তম পর্ব ।

প্রধানমন্ত্রী এই অনুষ্ঠানের জন্য জনসাধারণের কাছ থেকে পরামর্শ চেয়েছেন । জনসাধারণ ১৮০০-১১-৭৮০০ শুল্কবিহীন এই ফোন নম্বরের মাধ্যমে প্রধানমন্ত্রীর কাছে পরামর্শ প্রেরণ করতে পারবেন । এছাড়াও , নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাই-গভ মুক্ত মঞ্চের মাধ্যমেও জনসাধারণ পরামর্শ প্রদান করতে পারবেন । মন-কি-বাতের আসন্ন এই পর্বের জন্য আগামী ২৭ সেপ্টেম্বর পর্যন্ত পরামর্শ গ্রহণ করা হবে ।

আকাশবাণী , দূরদর্শনের সব নেটোয়ার্ক সহ আকাশবাণীর ওয়েবসাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল অ্যাপের মাধ্যমে ও তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়ের ইউটিউব চ্যানেল যোগেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । ২৯ সেপ্টেম্বর প্রধানমন্ত্রীর সরসরি এই অনুষ্ঠান সমাপ্ত হওয়ার পরই এই অনুষ্ঠানের আঞ্চলিক অনুবাদ প্রচার করা হবে ।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় অর্থ মন্ত্রনালয় জানিয়েছে যে ডিজিট্যাল লেনদেনের পরিমাণ ২০১৭-১৮ অর্থ বছরের ২ হাজার কোটি টাকার অধিক হওয়ার বিপরিতে ২০২৩-২৪ অর্থ বছরে প্রায় ১৯ হাজার কোটি টাকায় বৃদ্ধি পেয়েছে । অন্যদিকে ইউ পি আই লেনদেনের পরিমাণও আগের তুলনায় ১৩ হাজার কোটি টাকা বৃদ্ধি পেয়েছে । মন্ত্রনালয় জানিয়েছে যে ২০২৩-২৪ অর্থ বছরে ইউ পি আই লেনদেনের মূল্য ২শো লক্ষ কোটি টাকায় বৃদ্ধি পেয়েছে । এদিকে ইউ পি আই বর্তমানে ৭টি দেশে সরাসরি লেনদেনের সুবিধা প্রদান করেছে । এই দেশগুলি হচ্ছে সংযুক্ত আরব আমির রাষ্ট্র , সিঙ্গাপুর , ভূটান , নেপাল , শ্রীলঙ্কা , ফ্রান্স এবং মরিশাস।

--------------------------------------------------------------------------------

কাছাড় জেলার দায়িত্ব গ্রহণ করার পর নবনিযুক্ত জেলা আয়ুক্ত মৃদুল যাদব আজ জেলার সব মুদ্রণ ও বৈদ্যুতিন মাধ্যমের প্রতিনিধিদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়ে জেলার বিভিন্ন সমস্যাবলীর বিষয়ে জেলা প্রশাসনের সর্বদাই শুনতে প্রস্তুত বলে উল্লেখ করে সঠিক তথ্য সময়মতো জনসাধারণের কাছে পৌঁছানোর উপর গুরুত্ব আরোপ করেন । প্রশাসনিক কাজকর্মে স্বচ্ছতা আরো বৃদ্ধি করা এবং প্রশাসন ও সংবাদ মাধ্যমের মধ্যে যোগাযোগ আরো শক্তিশালী করার উদ্দেশ্যে আয়োজিত এই বৈঠকে জেলা আয়ুক্ত শ্রী যাদব তার বক্তব্যে আরো বলেন যে- সংবাদ মাধ্যম বিভিন্ন বিষয়কে তুলে ধরার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে । এবং সঠিক তথ্য প্রদান করে প্রশাসনকে

জনসাধারণের প্রতি দায়বদ্ধ থাকতে সাহায্য করে । এদিকে সাংবাদিকরা কাছাড় জেলার বিভিন্ন স্থানীয় সমস্যা এবং উন্নয়নমূলক কাজকর্ম সম্পর্কে নতুন দায়িত্বপ্রাপ্ত জেলা আয়ুক্ত শ্রী যাদবের কাছে প্রশ্ন উত্থাপন করেন । উভয় পক্ষই এই বৈঠকে আশানুরূপ সাফল্য পাওয়া গেছে বলে সন্তোষ প্রকাশ করেছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার নির্বাচনী এলাকা পুর্নর্নির্ধারণ কমিটির চেয়ারম্যান ও জেলা আয়ুক্তের জারি করা এক আদেশ অনুসারে ডিলিমিটেশন এন্ড ব্লক রিওর্গ সম্পর্কে আগামী ২৩ থেকে ২৫শে সেপ্টেম্বর পর্যন্ত গণশুনানির ব্যবস্থা করা হয়েছে । জেলার সুশীল সমাজ, বিভিন্ন সংস্থা-সংগঠন ইত্যাদির কাছ থেকে প্রাপ্ত দাবি- আপত্তি প্রভৃতির বিষয়ে সর্বজনীন শুনানি বিধানসভা এলাকার ভিত্তিতে আয়োজন করা হবে । এই অনুযায়ী আগামী ২৩ থেকে ২৫শে সেপ্টেম্বর সকাল সাড়ে দশটা থেকে বিকেল চারটে পর্যন্ত শিলচর বিধানসভা এলাকার জন্য গণশুনানি কাছাড়ের জেলা আয়ুক্তের কার্যালয়ে অনুষ্ঠিত হবে । সহকারী আয়ুক্ত ওয়াই আই অজকুম এবং বিধানসভা কেন্দ্র ভিত্তিক কর্মবাহিনী এই গণশুনানির জন্যে কাজ করবেন । অনুরূপভাবে সোনাই বিধানসভা এলাকার জন্য অতিরিক্ত আয়ুক্ত ধ্রুবজ্যোতি হাজারিকা ও ঐ বিধানসভা কেন্দ্র ভিত্তিক কর্মবাহিনী গণশুনানির কাজ করবেন । বড়খলা কেন্দ্রের দায়িত্বে রয়েছেন- অতিরিক্ত জেলা আয়ুক্ত যুবরাজ বড়ঠাকুর ও সংশ্লিষ্ট কর্মবাহিনী, ধলাইয়ের জন্যে অতিরিক্ত জেলা আয়ুক্ত অন্তরা সেন, কাটিগড়ার জন্য অতিরিক্ত আয়ুক্ত খালেদা সুলতানা, লক্ষ্মীপুরের জন্য অতিরিক্ত আয়ুক্ত ধ্রুবজ্যোতি পাঠক এবং উধারবন্দ বিধানসভা কেন্দ্রের সর্বজনীন শুনানির জন্য অতিরিক্ত আয়ুক্ত ভি এল এল নাম্পইয়ের কক্ষে শুনানির আয়োজন করা হয়েছে । নির্দিষ্ট সময়ে সংশ্লিষ্ট এলাকার জনসাধারণকে ঐসব স্থানে উপস্থিত হয়ে এই শুনানিতে অংশগ্রহণ করে তাদের দাবি ও আপত্তির বিষয়ে আলোচনা করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দিতে কর্তব্যরত জনৈক চিকিৎসককে শারীরিকভাবে নিগ্রহ করার ঘটনা সংঘটিত হয়েছে বলে আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন । কোলকাতার আর জি কর মেডিকেল কলেজে সম্প্রতি জনৈক মহিলা চিকিৎসকের সঙ্গে হওয়া নারকীয় ঘটনার পরবর্তীতে সুপ্রীম কোর্ট দেশের সব চিকিৎসকদের সুরক্ষা আরো বাড়িয়ে তোলার বিষয়ে কঠোর নির্দেশনা প্রদান করেছে । এই পরিস্থিতিতে বিগত ১৭ই সেপ্টেম্বর- মঙ্গলবার হাইলাকান্দি সিভিল হাসপাতালে একজন কর্তব্যরত চিকিৎসকের উপর দলবদ্ধভাবে আক্রমণের ঘটনা সংঘটিত হয়েছে । এই বিষয়ে হাসপাতালটির

সুপার ডাঃ দেবব্রত দত্ত হাইলাকান্দি থানায় এজাহার দাখিল করে অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়েছেন । আমাদের সংবাদদাতা আরো জানিয়েছেন যে- গত মঙ্গলবার রাত সাড়ে আটটা নাগাদ একটি দুর্ঘটনায় আহত ব্যক্তির চিকিৎসাকে কেন্দ্র করে সিভিল হাসপাতালের বর্হিবিভাগে এধরণের ঘটনা ঘটে । দশ-পনেরো জনের একটি দল ঐ চিকিৎসককে দলবদধভাবে আক্রমণ করার পাশাপাশি তাকে সেখান থেকে তুলে নিয়ে যায় । সম্পূর্ণ ঘটনা হাসপাতালের সি সি টি ভি ক্যামেরায় বন্দী রয়েছে বলেও হাসপাতাল সুপার জানিয়েছেন । হাইলাকান্দি শহরের সুদর্শনপুর গ্রামের লোকজন চিকিৎসা প্রদানে বিলম্ব হওয়ার অভিযোগ করে ঐ চিকিৎসকের উপর আক্রমণ চালায় বলে জানা গেছে ।

---------------------------------------------------------------------------------------

তীব্র দাবদাহের পর আজ দুপুরে বয়ে যাওয়া ঝড়ো  হাওয়া ও মাঝারী বৃষ্টিপাতের ফলে বরাক উপত্যকার তিন জেলার জনসাধারণ স্বস্তি পেলেও বিভিন্ন স্থানে একাধিক গাছপালা ভেঙ্গে পড়া সহ বিদ্যুত পরিষেবা বিঘ্নিত হয়েছে ।

কাছাড় জেলার উধারবন্দের মধুরায় চলতি গাড়ীর ওপর একটি বড়ো গাছ ভেঙ্গে পড়ায় গাড়ীটির ব্যাপক ক্ষতি হয়েছে বলে খবর পাওয়া গেছে । তবে চালক সহ যাত্রীরা সুরক্ষিত রয়েছেন । এছাড়া শিলচর শহর সহ বেশকিছু এলাকায় বিদ্যুত পরিষেবা ব্যাহত হয়েছে ।

করিমগঞ্জ জেলায়ও একাধিক জায়গায়  ঝড়ে গাছপালা ভেঙ্গে পড়েছে বলে আমাদের করিমগঞ্জের সংবাদদাতা জানিয়েছেন । তবে করিমগঞ্জ নীলমণি রোডের একটি সর্বজনীন দূর্গা পুজো কমিটির নির্মীয়মান পূজো মন্ডপটি ভেঙ্গে পড়ায় সবচেয়ে বেশী ক্ষতিসাধন হয়েছে বলেও তিনি জানিয়েছেন ।

এদিকে হাইলাকান্দি জেলার বিভিন্ন স্থানেও আজ এই ঝড়ের প্রভাব পড়েছে ।  ঝড়ো হাওয়ায় বেশকিছু স্থানে বড় বড় গাছপালা ভেঙ্গে পড়া সহ বিদ্যুত সংযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে । তবে শহরাঞ্চলে সন্ধ্যার পর বিদ্যুত পরিষেবা স্বাভাবিক হয়েছে বলে আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

ফেডারেল ব্যাঙ্কের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আজ শিলচরের শিলংপট্টিস্থিত শাখায় এক রক্তদান শিবিরের আয়োজন করা হয় । শিলচর সিভিল হাসপাতাল আধুনিকীকরণ দাবী কমিটির সহযোগীতায় আয়োজিত রক্তদান শিবিরে ২২ জন রক্তদান করেন । সকাল ১১ টায় প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে রক্তদান শিবিরের সূচনা করেন ফেডারেল ব্যাঙ্কের শিলংপট্টি শাখার ম্যানেজার নির্ণয় মুখার্জী  , বরাকভ্যালী ব্লাড ডোনার ফোরামের

সম্পাদক আশু পাল ,শিলচর সিভিল হাসপাতাল আধুনিকীকরণ দাবী কমিটির মূখ্য আহ্বায়ক কমল চক্রবর্তী ,কার্যকরী কমিটির সদস্য হিল্লোল ভট্টাচার্য প্রমূখ । এরপর রক্তদানের উপকারীতা এবং রক্তদান শিবির আয়োজনের প্রয়োজনীয়তা নিয়ে উপস্থিত বক্তারা তাদের বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------

রাধামাধব কলেজ ক্যারিয়ার গাইডেন্স ,এন্টি রেগিং এন্ড এস সি এস এস টি সেলের উদ্যোগে এবং স্বাবলম্বী ভারত অভিযান কর্তৃক কলেজ প্রক্ষাগৃহে আজ উদ্যোগীদের উৎসাহিত করতে এক অনুষ্ঠানের আয়োজন করা হয় । কলেজ অধ্যক্ষ ড.দেবাশিষ রায়ের পৌরহিত্যে আয়োজিত অনুষ্ঠানে মূখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বরাকের হস্তশিল্পের আমদানিকারী শান্তনু সূত্রধর ।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার নেতাজী স্পোর্টিং ক্লাব পরিচালিত দীনেশচন্দ্র দেব স্মৃতি শিশু গৃহের তত্বাবধানে থাকা ১১ বছরের একটি শিশুকে গতকাল মিশন বাৎসল্য প্রকল্পের অধীনে লালন পালন কর্মসূচীতে প্রবেশকারী প্রথম সন্তান হিসেবে কাছাড় জেলায় বসবাসকারী তার পালক পিতামাতার হাতে তুলে দেওয়া হয়েছে । উল্লেখ্য ভারত সরকারের মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রণালয়ের অধীন ডিস্ট্রিক্ট চাইল্ড প্রটেকশন ইউনিট তথা চাইল্ড ওয়েলফেয়ার কমিটির এই উদ্যোগ জেলায় প্রথমবারের মতো বাস্তবায়িত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------